৭৮৬
৯২

## অল বেঙ্গল

# রাবেতায়ে মাদারিসে সুন্নিয়া



Pdf By Syed Mostafa Sakib

**প্রধান কার্যালয়**

ইসলামপুর কলেজ মোড়,
মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, ভারত
পিন - ৭৪২৩০৪
মোবাইল - ৯১৪৩৪৬০৩৭৯

pdf By Syed Mostafa Sakib



# আমার আন্তরিক আবেদন

আমার সুন্নী ভাইগন ! যথা সময়ে সাবধান না হইলে সর্বনাশের শেষ থাকিবে না । হাজার মাথা ঠুকিলেও ক্ষতি পুর্ন করিতে পারিবেন না । দিন কালের অবস্থা কি হইয়াছে, তাহাতো সবাই বুঝিতে পারিতেছেন! আজ মিডিয়ার মাধ্যমে বাতিলের মুখ আয়নার মত পরিস্কার দেখা যাইতেছে । হক্ব দিনের পর দিন বিলুপ্ত হইবার পথে পড়িয়া গিয়াছে । তাই এই মুহুর্তে আমাদের সব চাইতে গুরুত্ব পূর্ন কাজ হইবে মাকতাব মাদ্রাসা গুলি হিফাজত করা । করণ, মাকতাব মাদ্রাসা না থাকিলে আমরা সুন্নীয়াতের ছায়া পাইব না । উলামায়ে কিরামগন হইতেছেন আমাদের দ্বীনকে হিফজত করিবার জন্য সৈন্য সরূপ । এই সৈন্য বাহিনী গড়িবার কারখানা হইল মাকতাব মাদ্রাসা। সুতরাং মাকতাব মাদ্রাসাগুলি যথার্থ ভাবে হিফাজত করিবার জন্য দায়িত্ব হইল আমাদের । এই দায়িত্ব পালনে অবহেলা করিলে বিপদ আর দুরে থাকিবে না।

দেওবন্দী ও আহলে হাদীস সম্প্রদায় তাহাদের মাকতাব ও মাদ্রাসাগুলিকে এক জায়গায় করিয়া ফেলিয়াছে । পশ্চিম বাংলায় দেওবন্দীদের রাবেতা ভুক্ত হইয়াছে সাত শত সাতটি (৭০৭) মাদ্রাসা । তাহারা

পশ্চিম বাংলায় ছেচল্লিশটি সেন্টার কায়েম করিয়াছে। এই স্থানে আমাদের পোজিশন ছিল শুন্য।আল হামদু লিল্লাহ ! এই শুন্য স্থানটি পূর্ন করিয়া দিয়াছে - 'অল বেঙ্গল রাবেতায়ে মাদারিসে সুন্নীয়া'।

আমি ২০১৪ সালে বিভিন্ন মাদ্রাসায় গিয়া উলামায়ে কিরাম দিগের সঙ্গে রাবেতা সম্পর্কে আলোচনা শুরু করিয়া ছিলাম। অনেকেই আগ্রহ দেখাইলেও শেষ পর্যন্ত কেহ কাজে আগাইয়া ছিলেন না।বরং অনেকেই এই রাবেতার ব্যাপারে অত্যন্ত অনিহা দেখাইয়া ছিলেন।২০১৫ সালে একটি ঘটনা ঘটিয়া যায়।আমার এক প্রতিবেশিকে আল্লাহ তায়ালা খুবই আর্থিক স্বচ্ছলতা দান করিয়াছেন। তিনি রমজান মাসের শেষের দিকে একদিন বহু টাকা যাকাত দিয়া থাকেন। দুর দুরান্ত থেকে গরীব মিসকিন ও মাদ্রাসা মাকতাবের আলেম উলামাগন আসিয়া আদায় নিয়া থাকেন। আমাদের কয়েকটি সুন্নী মাদ্রাসার আদায় কারীগন সেই বাড়িতে আদায় না পাইয়া ফিরিয়া আসিয়াছেন।আমি তাহাদের বসাইয়া কারন জিজ্ঞাসা করিলে তাহারা বলিয়াছেন যে, বাড়ি ওলার নিকটে একটি বই রহিয়াছে। সেই বইটির মধ্যে যে সমস্ত মাদ্রাসার নাম নাই তাহাদের আদায় দেওয়া হইবে না।আমরা সেই বইটি সংগ্রহ করিয়া দেখিলাম যে, বইটির নাম পঃ বঃ





রাবেতায় মাদারিসে ইসলামিয়া আরাবিয়া। বইটির মধ্যে পশ্চিম বঙ্গের দেওবন্দীদের প্রায় সমস্ত মাকতাব ও মাদ্রাসা গুলির পূর্ন নাম ঠিকানা দেওয়া রহিয়াছে। দেওবন্দীদের রাবেতা কায়েম হইয়াছে ২০০৩ সালে। পশ্চিম বঙ্গে ১৯টি জেলায় ৭০৭ টি মাদ্রাসা এই রাবেতার অন্তর্ভুক্ত হইয়াছে এবং ২০১৫ সালে ৪৬ টি সেন্টারে ৭০৭ টি মাদ্রাসার ১৩৯৩৫ জন ছাত্র পরীক্ষায় বসিয়াছে।পশ্চিম বঙ্গে এই রাবেতার মুলে রহিয়াছেন মাওলানা সিদ্দিকুল্লাহ চৌধুরী সাহেব। যাইহোক, যে মাদ্রাসাগুলি আদায় না পাইয়া আমার বাড়িতে ফিরিয়া আসিয়া ছিল, আমি সেই গুলিকে বসাইয়া এবং এলাকায়ী আরো অনেক গুলি মাদ্রাসাকে ডাকিয়া দাতার বাড়ির সহিত যোগাযোগ করতঃ দান পাইয়া দিয়া ছিলাম।আর একটি ঘটনা যে, আমাদের এলাকায় দেওবন্দীদের পক্ষ থকে একটি বিজ্ঞাপন প্রকাশ করা হইয়া ছিল। সেই বিজ্ঞাপনে কয়েকজন দেওবন্দী আলেমের নাম ও ফোন নাম্বার দেওয়া ছিল এবং বলা হইয়া ছিল, কোন মাদ্রাসা যদি গাড়ি করিয়া আদায় করিয়া থাকে, তাহা হইলে সেই গাড়িকে ধরিয়া রাবেতা ভুক্ত কিনা জানিতে হইবে।অন্যথায় গাড়িকে ধরিয়া থানায় দিতে হইবে।বাস্তবে সুন্নীদের কয়েকটি মাদ্রাসার গাড়িকে আটকাইয়া দেওয়া হয় ও চরম



pdf By Syed Mostafa Sakib

মানহানী করা হইয়া থাকে ।এই প্রকার আরো ঘটনা রহিয়াছে। এইবার আমি আমার বাড়িতে রাবেতার ব্যাপারে একটি মিটিংয়ের ডাক দিলে অনেক মাদ্রাসার আলেম ও মাদ্রাসার সেক্রেটারী আমার বাড়িতে উপস্থিত হইয়া থাকেন এবং সবাই অবিলম্বে একটি রাবেতা কায়েম করিবার প্রয়োজন রহিয়াছে বলিয়া মত প্রকাশ করিয়া থাকেন ।

আল্লাহ তায়ালার অনুগ্রহে ২০১৫ সালে আমরা কায়েম করিয়াছি – অল বেঙ্গল রাবেতায়ে মাদারিসে সুন্নীয়া ।এপর্যন্ত প্রায় এক শত মাদ্রাসা রাবেতা ভুক্ত হইয়াছে ।তন্মধ্যে এই বৎসর ২০১৬ সালে ৭ ই মে শনিবার মুর্শিদাবাদের মধ্যে আটটি সেন্টারে সাঁইত্রিশটি মাদ্রাসার পরীক্ষা নেওয়া হইয়াছে। প্রায় বার শত (১২০০) ছাত্র পরীক্ষায় অংশ নিয়া ছিল ।পরীক্ষক ছিলেন ছাব্বিশ জন ।প্রাথমিক পর্যায় প্রথম একদিনের পরীক্ষায় আমরা খুব সফলতা পাইয়াছি ।কোলকাতা, হাওড়া, হুগলী, দক্ষিন ২৪ পরগানা, মেদনীপুর, দিনাজপুর ও মালদহের মাদ্রাসাগুলির পরীক্ষা নেওয়া সম্ভব হয় নাই ।ইনশা আল্লাহ, আগামী বৎসর সমস্ত জেলায় পরীক্ষা সেন্টার কায়েম করতঃ পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করা হইবে ।

গোলাম ছামদানী রেজবী





## —ঃ রাবেতার উদ্দেশ্য ঃ—

(ক) পশ্চিম বাংলার সমস্ত সুন্নী মাদ্রাসাগুলির জন্য একটি বোর্ড কায়েম করা ।

(খ) পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় পরীক্ষা নেওয়ার জন্য সেন্টার কয়েম করা ।

(গ) পরীক্ষার জন্য উপযুক্ত মুদার্রিসগনের একটি টিম তৈরি করা ।

(ঘ) পরীক্ষার্থীদের মধ্যে যাহারা এক থেকে দশের মধ্যে আসিবে তাহাদের জন্য পুরস্কার বিতরনের ব্যবস্থা করা ।

(ঙ) প্রতি বৎসর সম্ভব না হইলে প্রতি তিন বৎসরের মাথায় রাবেতার সমস্ত মাদ্রাসাগূলির ছাত্র ও মুদার্রিসকে নিয়া একটি বিশেষ স্থানে সমবেত করতঃ বড় ধরনের সম্মেলন করা ।

(চ) সিলেবাসের মধ্যে কোন মাদ্রাসায় বাতিল ফিরকার লেখা কোন কিতাব পড়ানো হইতেছে কিনা লক্ষ রাখা ।

(ছ) ছাত্র ও শিক্ষকগনের পড়া ও পড়ানোর মধ্যে কোন দুর্বলতা রহিয়াছে কিনা লক্ষ রাখা ।

(জ) সমস্ত ছাত্র যথার্থ ভাবে আকীদা ও আমলের উপর গড়িয়া উঠিতেছে কিনা লক্ষ রাখা ।

(ঝ) প্রত্যেক ছাত্রের মধ্যে শরীয়াতানযায়ী দেশ



pdf By Syed Mostafa Sakib

প্রেম বোধ জন্মাইয়া দেওয়া।

(ঞ) কোন মাদ্রাসার উপরে চক্রান্তমুলক কোন প্রকার হস্তক্ষেপ হইলে রাবেতার পক্ষ থেকে তীব্র প্রতিবাদ জানানো ইত্যাদি।

## —ঃ রাবেতা সম্পর্কে অভিমত ঃ—

### (১) চন্ডিদাস মহাবিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয়ের এ্যাসিস্ট্যান্ট প্রফেসার সেখ আতাউর রহমান সাহেবের অভিমত।

শ্রদ্ধেয় মুফতীয়ে আ'যমে বাঙ্গাল শায়েখ গোলাম ছামদানী রেজবী সাহেবের নেতৃত্বে 'অল বেঙ্গল রাবেতায়ে মাদারিসে সুন্নীয়া' গঠিত হইয়াছে। পশ্চিমবঙ্গের সমস্ত সুন্নী মাদ্রাসাগুলিকে একটি ছাতার তলায় নিয়ে এসে মাদ্রাসা গুলির অধ্যায়নরত ছাত্রছাত্রীদের পড়াশোনার মানোন্নয়ন, কেন্দ্রীয় পরীক্ষার ব্যবস্থার মধ্যে দিয়ে যথার্থ মূল্যায়ন, প্রশাসনিক কার্যে পর্যপ্ত সহযোগিতা ও পরামর্শ প্রদান এবং সর্ব্বোপরি রাজ্য বা তার বাহিরে বৃহত্তর ক্ষেত্রে মাদ্রাসাগুলির বিশেষ পরিচিতি ও সম্ভাব্য দাতাদের নিকট থেকে দান পাওয়ার ক্ষেত্রে নিজেদের গ্রহনযোগ্যতা বৃদ্ধিতে এই পদক্ষেপ অত্যন্ত গুরুত্বপূর্ন এবং সময়োপযোগী। এই প্রশংসনীয় উদ্যোগের





কর্নধারদের জানাই অসংখ্য ধন্যবাদ। আশা করি সমস্ত সুন্নী মাদ্রাসাগুলি নিজেদেরকে অবিলম্বে 'রাবেতা' অন্তর্ভুক্তির মাধ্যমে ভবিষ্যতে অনেক ইতিবাচক ফল ভোগ করবে, ইন্‌শাআল্লাহ।

### (২) কলকাতা সুরেন্দ্রনাথ কলেজের লেকচারার, নৌশিন খানের অভিমত।

বিশেষসুত্রে জানিতে পারিলাম যে, পশ্চিমবঙ্গের সমস্ত সুন্নী মাদ্রাসাগুলি একটি বোর্ডের আওতায় আনিবার সংকল্প করিয়াছেন মুফতীয়ে আযমে বাঙ্গাল শায়েখ গোলাম ছামদানী রেজবী। মুফতী সাহেবের এই সংকল্পটি যথেষ্ট প্রশংসার দাবি রাখে। 'অল বেঙ্গল রাবেতায়ে মাদারিসে সুন্নীয়া' নামক যে বোর্ডটি তিনি প্রতিষ্ঠা করিয়াছেন তাহা সুন্নী মাদ্রাসাগুলির যথাযথ পঠনপাঠনের মান উন্নয়নে সহায়ক হইবে।

মাদ্রাসা পরিচালকদের নৈতিক দায়িত্ব হইবে যে, তাহারা যেন এই রাবেতায় ভুক্ত হইয়া যান। কারন, রাবেতা ভুক্ত হইলে তবেই বুঝিতে পারিবেন যে, আপনার প্রতিষ্ঠানের শিক্ষার মান কত সুদৃঢ় এবং সহজেই মুল্যায়ন করিতে পারিবেন যে, আপনার মাদ্রাসার ছাত্রছাত্রীদের শিক্ষাগত যোগ্যতা।



pdf By Syed Mostafa Sakib

## (৩) ডক্টর আলমগীর, গেষ্ট লেকচারার বহরমপুর গালর্স কলেজ, এর অভিমত।

পশ্চিম বঙ্গের সমস্ত সুন্নী মাদ্রাসাগুলিকে একটি বোর্ডের ছত্র ছায়ায় নিয়ে আসার পরিকল্পনাকে কেন্দ্র করে শ্রদ্ধেয় মুফতীয়ে আ'যমে বাঙ্গাল শায়েখ গোলাম ছামদানী রেজবীর নেতৃত্বে গঠিত হইয়াছে 'অল বেঙ্গল রাবেতায়ে মাদারিসে সুন্নীয়া'।

উপরোক্ত রাবেতাটি এই রাজ্যের সমস্ত সুন্নী মাদ্রাসাগুলিকে একটি বোর্ডের আওতায় নিয়া এসে মাদ্রাসা গুলিতে পঠন রত ছাত্রদের পড়াশোনার মানোন্নয়ন, কেন্দ্রীয় পরীক্ষার ব্যবস্থার মাধ্যমে যথার্থ মূল্যায়ন ও অন্যান্ন উন্নয়ন মূলক কাজে সহায়োক হয়ে উঠবে। সর্বপরী রাজ্য বা রাজ্য বহির্ভূত বৃহত্তর ক্ষেত্রে এই মাদ্রাসা গুলির বিশেষ পরিচিতি লাভে উল্লেখযোগ্য ভূমিকা পালন করিবে এই বোর্ডটি। সুতরাং এই সমস্ত মাদ্রাসা পরিচালক বৃন্দের নৈতিক দায়ীত্ব হইবে যে, তারা যেন তাদের প্রতিষ্ঠান গুলিকে এই রাবেতার অন্তর্ভুক্ত করনে অতি সতর সঠিক পদক্ষেপ গ্রহন করেন।





## —ঃ রাবেতার অর্ন্তভুক্ত মাদ্রাসা সমূহ ঃ—

(১) দারুল উলুম জিয়াউল ইসলাম
বিলিয়াস রোড, টিকিয়াপাড়া, হাওড়া।

(২) মাদ্রাসা হোসেনিয়া গওসিয়া
গাডেনরিস, ধানখেতি, কলকাতা - ২৪

(৩) দারুল উলুম রেজায়ে মুস্তফা
মেটিয়াবুজ, লাল মসজিদ, কলকাতা - ২৪

(৪) মাদ্রাসা আনওয়ারে মুস্তফা
মুল্লাবাগান, সন্তসপুর, কলকাতা - ২৪

(৫) দারুল উলুম কে, আর মাজহারে ইসলাম
গ্রাম - খাঁপুর, পোঃ - কালিকাপতা, থানা - উস্তি, জেলা - দক্ষিন ২৪ পরহানা।

(৬) মাদ্রাসা গওসিয়া হাবিবিয়া
গ্রাম - মৈশা মুন্ডা, পোঃ- অযোধ্যাপুর, থানা- কাঁথি, জেলা- পূর্ব মেদিনীপুর।

(৭) মাদ্রাসা ত্বাহেরীয়া জিয়াউল হাবীব
গ্রাম - সেলামপুর, পোঃ- পটাশপুর, থানা - পটাশপুর, জেলা - পূর্ব মেদিনীপুর।

(৮) সাইয়েদ শাহ রেজা মিশন
গ্রাম - পশ্চিম ভগবানপুর, পোঃ- পেরুয়া থানা - কাঁথি, জেলা - পূর্ব মেদিনীপুর।



pdf By Syed Mostafa Sakib

(৯) মাদ্রাসা মদীনাতুল উলুম চিশতিয়া
গ্রাম – বাসান্তি, পোঃ- বাসন্তি, থানা – কাঁথি, জেলা – পূর্ব মেদিনীপুর ।

(১০) মাদ্রাসা মঈনিয়া ইসলামিয়া কুল্লিয়াতুল বানাত
গ্রাম – উত্তর আদাবেড়িয়া, পোঃ- বাসন্তি, থানা – কাঁথি, জেলা – পূর্ব মেদিনীপুর ।

(১১) মাদ্রাসা গওসিয়া ফাসিহীয়া মদীনাতুল উলুম সোসাইটি
গ্রাম – খালতিপুর, পোঃ- বাহাদুরপুর, থানা – কলিয়াচক, জেলা – মালদা ।

(১২) দারুল উলুম আশরাফুল আউলিয়া
গ্রাম – উত্তর খালতিপুর, পোঃ- উত্তর খালতিপুর, থানা – কালিয়াচক, জেলা – মালদা।

(১৩) মাদ্রাসা গওসিয়া সিরাজিয়া জয়নুল উলুম
গ্রাম – বড় বাগান, পোঃ- রহিমপুর, থানা – মানিকচক, জেলা – মালদা ।

(১৪) আল জামিয়াতুল আসুরিয়া মিশন
গ্রাম – আসুরিনগর, পোঃ- কাহালা, থানা – রতনা, জেলা – মালদা ।





(১৫) মাদ্রাসাতুল বানাত আসুরিয়া গুলশানে জাহরা
গ্রাম – ভবানিপুর, পোঃ- ইংলিশ বাজার, থানা- ইংলিশবাজার, জেলা – মালদা ।

(১৬) মাদ্রাসা গওসিয়া ফায়যানে সাকিলিয়া
গ্রাম – উত্তর চন্ডিপু, পোঃ- উত্তর চন্ডিপুর, থানা – মানিকচক, জেলা – মালদা ।

(১৭) জামিয়া আলমগীরিয়া আসুরিয়া দারুল উলুম
গ্রাম – দৌলতপুর, পোঃ- বি দৌলতপুর, থানা – হরিশচন্দ্রপুর, জেলা – মালদা ।

(১৮) মাদ্রাসা গুলশানে আসি
গ্রাম – পাকিস্তিতলা, পোঃ- নুরপুর, থানা – রত্না, জেলা – মালদা ।

(১৯) মাদ্রাসা আসুরিয়া হামিদিয়া মুফিজুল কোরান
গ্রাম – হাজিপাড়া, পোঃ- হাজিপাড়া, থানা – বিন্দল, জেলা – উত্তর দিনাজপুর ।

(২০) গোধনপাড়া নুরুল হুদা ইসলামিয়া মাদ্রাসা
গ্রাম – গোধনপাড়া, পোঃ – গোধনপড়া, থানা – রানিনগর, জেলা – মুর্শিদাবাদ



pdf By Syed Mostafa Sakib

ইসলামপুর, জেলো মুর্শিদাবাদ।

(২১) মাদ্রাসা সুন্নীয়া গওসিয়া কাবিলিয়া

গ্রাম – কিত্তুনিয়াপাড়, পোঃ– সাহেব রামপুর, থানা জলঙ্গী – জেলো মুর্শিদাবাদ ।

(২২) ভাদুরিয়াপাড়া দ্বিনী ইল্ম ইলাহি মাদ্রাসা

গ্রাম – ভাদুরিয়াপাড়া, পোঃ– ফরিদপুর, থানা – জলঙ্গী, জেলো মুর্শিদাবাদ।

(২৩) মুসুরডাঙা আরাবিয়া মাদ্রাসা

গ্রাম – মুসুরডাঙা, পোঃ– বাবুইপাড়া, থানা – হরিহরপাড়া, জেলো মুর্শিদাবাদ ।

(২৪) বহু মুখি মাদ্রাসা এহিয়াউল উলুম

গ্রাম – আজিমনগর, পোঃ– কালুখালি, থানা – মুর্শিদবাদ, জেলো মুর্শিদাবাদ।

(২৫) মাদ্রাসা হাফিজীয়া দারসে নিজামিয়া কানজুল উলুম

গ্রাম – সামদাসদিয়াড়, পোঃ– মিদাদপুর, থানা – রানিনগর, জেলো মুর্শিদাবাদ।

(২৬) মাদ্রাসা মিসবাহুল উলুম

গ্রাম – ইন্দ্রাহাট বাগানপাড়া, পোঃ– পুরন্দপুর, থানা – কান্দী, জেলো মুর্শিদাবাদ ।

(২৭) বরাখুলি মিসবাহুল উলুম হাফিজীয়া নেজামিয়া মাদ্রাসা

গ্রাম – বুরাকুলি, পোঃ– মারিচা, থানা –





ইসলামপুর, জেলো মুর্শিদাবাদ।

(২৮) মাদ্রাসা রেজবীয়া

গ্রাম – জাফরাবাদ (কাপাশডাঙা), পোঃ– জাফরাবাদ, থানা –মুর্শিদাবাদ, জেলো মুর্শিদাবাদ ।

(২৯) মেহেদীপাড়া তাজদারে আলম মাদ্রাসা

গ্রাম – মেহেদীপড়া, পোঃ– পি.টি রসুলপুর, থানা – ডোমকল, জেলো মুর্শিদাবাদ ।

(৩০) চণ্ডিবাটি গওসিয়া বরকাতীয়া ইসলামিয়া মাদ্রাসা

গ্রাম – চণ্ডিবাটি, পোঃ– মির্জাপুর, থানা – কান্দি, জেলো মুর্শিদাবাদ ।

(৩১) মাদ্রাসা জামিয়া নুরীয়া গুলশানে রেজা

গ্রাম – আমিরাবাদ হাজীর বাগান, পোঃ– মরিচা, থানা – রানিনগর, জেলো মুর্শিদাবাদ ।

(৩২) রওশন নগর নুরিয়া ইসলামিয়া হাফিজীয়া মাদ্রাসা

গ্রাম – রওশন নগর, পোঃ– চাতরা, থানা – ইসলামপুর, জেলো মুর্শিদাবাদ ।

(৩৩) মাদ্রাসা মানজারে ইসলাম

গ্রাম – নাওদাপাড়া, পোঃ– কলাডাঙা, থানা – দৌলতাবাদ, জেলো মুর্শিদাবাদ ।

(৩৪) দৌলতপুর হাফেজীয়া মাদ্রাসা



pdf By Syed Mostafa Sakib

গ্রাম – দৌলতপুর, পোঃ– টেকা রাইপুর, থানা – ইসলাপুর, জেলা মুর্শিদাবাদ ।

(৩৫) নুরিয়া জামিয়া জহুরুল উলুম

গ্রাম – বাজারপড়া,(মাযারপাড়া) পোঃ– রাধারঘাট, থানা – বহরমপুর, জেলা মুর্শিদাবাদ ।

(৩৬) সুলতানপুর মালিপুর দারসে নিজামিয়া

গ্রাম – সুলতানপুর, পোঃ– বাহাদুরপুর, থানা – ভগবানগোলা, জেলা মুর্শিদাবাদ ।

(৩৭) কালুপুর মিসবাহুল উলুম ইসলামিয়া মাদ্রাসা

গ্রাম – কালুপুর, পোঃ– বেওচিতলা, থানা – দৌলতাবাদ, জেলা মুর্শিদাবাদ ।

(৩৮) খামারপাড়া দারুল উলুম ইসলামিয়া মাদ্রাসা

গ্রাম – খামারপাড়া, পোঃ– কাতলামারি, থানা – রানিনগর, জেলা মুর্শিদাবাদ ।

(৩৯) মাদ্রাসা গওসিয়া সুন্নীয়া মুঈনিয়া

গ্রাম – সুন্দরপুর, পোঃ– সুন্দুরপুর, থানা – বড়এ্যা, জেলা মুর্শিদাবাদ ।

(৪০) হাজিপুর মিসবাহুল উলুম আরাবীয়া মাদ্রাসা

গ্রাম – হাজীপুর, পোঃ– বেগুনীয়া, থানা – ময়ূরেশর, জেলা বিরভুম ।





(৪১) মাদ্রাসা গওসিয়া ইসলামিয়া আরাবীয়া

গ্রাম – হরিবাটি, পোঃ– খারজুন, থানা – বড়ুএ্যা, জেলা মুর্শিদাবাদ ।

(৪২) মাদ্রাসা গওসিয়া ওবাইদিয়া

গ্রাম –নতুন গ্রাম, পোঃ– নান্দাই, থানা –কানলা, জেলা বর্ধমান ।

(৪৩) মাদ্রাসা গওসিয়া রেজবীয়া মোস্তফাবীয়া

গ্রাম – তাঁতিবিড়লা, পোঃ– তাঁতিবিড়লা, থানা – সাগরদিঘি, জেলা মুর্শিদাবাদ ।

(৪৪) নিমগ্রাম বেলুড়ি শাহ রহমানিয়া ইসলামিয়া মাদ্রাসা

গ্রাম – নিমগ্রাম , পোঃ– নিমগ্রাম, থানা – নবগ্রাম, জেলা মুর্শিদাবাদ ।

(৪৫) নয়াগ্রাম জামিয়া গওসিয়া ইনজিলীয়া

গ্রাম – নয়াগ্রাম, পোঃ– নয়াগ্রাম, থানা – সুতি, জেলা মুর্শিদাবাদ ।

(৪৬) গওসিয়া নুরিয়া মাদ্রাসা

গ্রাম – কাপাশডাঙা, পোঃ– জাফরাবাদ, থানা – মুর্শিদাবাদ, জেলা মুর্শিদাবাদ ।

(৪৭) ফতাইপুর গওসিয়া দারুল উলুম মাদ্রাসা

গ্রাম – ফতাইপুর পোঃ– এস/ধরমপুর, থানা – হরিহরপাড়া, জেলা মুর্শিদাবাদ ।



pdf By Syed Mostafa Sakib

(৪৮) মাদ্রাসা দারুল উলুম নুরিয়া রেজবীয়া
গ্রাম – চোয়াপাড়া, পোঃ– মিদাদপুর, থানা – রানিনগর, জেলা মুর্শিদাবাদ ।

(৪৯) মার্কাজি মাদ্রাসা সিরাজুম মুনির
গ্রাম – মহালন্দী, পোঃ– মহালন্দী, থানা – কান্দি, জেলা মুর্শিদাবাদ ।

(৫০) ফুলশহরি গওসিয়া আজিজিয়া মাদ্রাসা
গ্রাম – ফুলশহরি , পোঃ– রমনাশাখা, থানা – সাগরদিঘী, জেলা মুর্শিদাবাদ ।

(৫১) নঈমিয়া নেজামিয়া হড়হড়ীয়া
গ্রাম – হড়হড়ীয়া, পোঃ– হরহরী, থানা – সাগরদিঘী,জেলা মুর্শিদাবাদ ।

(৫২) মোহাম্মাদপুর গওসিয় আব্দুস সামাদীয়া রেজবীয়া মাদ্রাসা
গ্রাম – মোহাম্মাদপুর, পোঃ– মোহাম্মাদপুর, থানা – নাওদা, জেলা – মুর্শিদাবাদ ।

(৫৩) সাহাজাদপরু বাহারুল উলুম রেজবীয়া মাদ্রাসা
গ্রাম – সাহাজাদপুর, পোঃ– সাহাজাদপুর, থানা – হরিহরপাড়া, জেলা মুর্শিদাবাদ ।

(৫৪) মাদ্রাসা হানাফীয়া ফায়যানে আলা হজরত





গ্রাম – হড়হড়িয়া, পোঃ– ইসলামপুর, থানা – ইসমালাপুর , জেলা মুর্শিদাবাদ ।

(৫৫) মাদ্রাসা বারকাতীয়া দারসে নিজামীয়া
গ্রাম – ভান্ডারা, পোঃ– ভান্ডরা, থানা – রানিতলা, জেলা মুর্শিদাবাদ ।

(৫৬) পাঁচগ্রাম জুনিয়ার মাদ্রাসা দারুল হুদা
গ্রাম,পোঃ– পাঁচগ্রাম, থানা – নবগ্রাম, জেলা মুর্শিদাবাদ ।

(৫৭) মাদ্রাসা গওসিয়া আব্দুস সামাদিয়া
গ্রাম – মোহাম্মাদপুর, পোঃ – মোহাম্মাসপুর, থানা – নওদা, জেলা – মুর্শিদাবাদ ।

(৫৮) মাদ্রাসা গওসিয়া ফাইযানে ইমাম আ'যম, গ্রাম-ছুটিপুর, দৌলতাবাদ ।

(৫৯) রমা কান্তপুর দোস্ত মোহাম্মাদীয়া ইসলামিয়া রেজবীয়া মাদ্রাসা
গ্রাম, পোঃ – রমা কান্তপুর, থানা – জলঙ্গী, মুর্শিদাবাদ ।

(৬০) সহরবাসা গাওসিয়া তোহুরিয়া হাফিজিয়া মাদ্রাসা
গ্রাম – সহরবাসা, পোঃ – নতুন পাড়া রায়পুর, থানা – হরিহরপাড়া, জেলা – মুর্শিদাবাদ ।

(৬১) মাদ্রসা আয়শা ফায়জানে ইমাম অহমাদ রেজা



pdf By Syed Mostafa Sakib

গ্রাম – সহাবাজপুর খিতগ্রাম, থানা ভরতপুর, মুর্শিদাবাদ।

**(৬২) মাদ্রাসা আয়শা সিদ্দিকা ফায়জানে ইমাম আহমাদ রেজা**

গীত গ্রাম, ভরতপুর , মুর্শিদাবাদ ।

**(৬৩) দারুল উলুম হাফেজিয়া গওসিয়া ইসলামিয়া মাদ্রাসা**

ভরতপুর, মুর্শিদাবাদ ।

**পরবর্তী স্বংস্করনে বাকি মাদ্রাসা গুলির নামথাকিবে**

## —ঃ পরীক্ষা সেন্টার গুলির নাম ঃ—

(১) তাজদারে আলাম মাদ্রাসা – মহদীপাড়া, ডোমকল ।

(২) মাদ্রাসা গওসিয়া মুঈনিয়া সুন্নীয়া – সুন্দরপুর, কান্দী।

(৩) মারকাজি মাদ্রাসা সিরাজুম মুনীর – মহালন্দী, কান্দী, মুর্শিদাবাদ ।

(৪) নিমগ্রাম বেলুড়ি শাহ রহমানিয়া ইসলামিয়া মাদ্রাসা

গ্রাম – নিমগ্রাম , পোঃ– নিমগ্রাম, থানা – নবগ্রাম, জেলা মুর্শিদাবাদ ।

(৫) কালুপুর মিসবাহুল উলুম ইসলামিয়া মাদ্রাসা





গ্রাম – কালুপুর, পোঃ– বেওচিতলা, থানা – দৌলতাবাদ, জেলা মুর্শিদাবাদ ।

(৬) মাদ্রাসা জামিয়া নূরীয়া গুলশানে রেজা, গ্রাম – আমিরাবাদ, পোঃ – মরিচা, থানা – রানীনগর, মুর্শিদাবাদ ।

(৭) দীনে ইল্মে ইলাহি মাদ্রাসা, ভাদুরীয়াপাড়া, পি,টি রসুলপুর, ডমকল, মুর্শিদাবাদ ।

(৮) রমাকান্তপুর মাদ্রাসা

## —ঃ পরীক্ষকগনের নাম ঃ—

(১) মুফতী মুজাহিদুল কাদেরী

শিক্ষক – জামিয়া গওসিয়া রেজবীয়া, গাড়িঘাট, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ ।

(২) মুফতী আব্দুল লতিফ রেজবী

শিক্ষক – জামিয়া রাজ্জাকিয়া কালিমিয়া, সম্মতিনগর (শাইদাপুর) জঙ্গীপুর, মুর্শিদাবাদ ।

(৩) মুফতী আব্দুস সালাম মিসবাহী

শিক্ষক – খালতিপুর মাদ্রাসা, কালিয়াচক, মালদা ।

(৪) ক্বারী সাইফুদ্দীন রেজবী

শিক্ষক – জামিয়া রাজ্জাকিয়া কালিমিয়া,



pdf By Syed Mostafa Sakib

সম্মতিনগর (শাইদাপুর) জঙ্গীপুর, মুর্শিদাবাদ ।

(৫) মুফতী মহসিন আলি রেজবী

শিক্ষক – জামিয়া গওসিয়া রেজবীয়া, গাড়িঘাট, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ ।

(৬) ক্বারী আব্দুর রাকীব আশরাফী, মালদা বড় মসজিদের ইমাম।

(৭) মুফতী বাহাউদ্দীন রেজবী, কালিয়াচক, মালদা ।

(৮) মুফতী নুরুল হূদা, নলহাটী, বীরভুম ।

(৯) মুফতী আলি হাসান

শিক্ষক – গওসিয়া মুঈনিয়া সুন্নিয়া, সুন্দরপুর, বড়ুঞা, কান্দী, মুর্শিদাবাদ ।

(১০) মাওলানা রফিকুল ইসলাম নাঈমী, রাজমহল, ঝাড়খন্ড।

(১২) মাওলানা কাজেম আলি রেজবী

শিক্ষক – মাদ্রাসা হাসানিয়া হোসাইনিয়া মাদীনাতুল উলুম,কামারখুর, মুরারই, বীরভুম।

(১৩) মাওলানা শফীউল্লাহ কালিমী

শিক্ষক – মাদ্রাসা কানুশাহ, কানুপুর, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ ।

(১৪) মাওলানা আবু তাহির রেজবী





শিক্ষক – কালুপুর মিসবাহুল উলুম মাদ্রাসা, কালুপুর, দৌলতাবাদ, মুর্শিদাবাদ ।

(১৫) মাওলানা আব্দুল আহাদ জামী

শিক্ষক – মাদ্রাসা হাসানিয়া হোসাইনিয়া মাদীনাতুল উলুম,কামারখুর, মুরারই, বীরভুম।

(১৬) মাওলানা আহমাদ রেজা , দাঁতুড়া, বীরভুম

(১৭) মাওলানা জাহিরুল ইসলাম রেজবী,

শিক্ষক – মেহেদীপাড়া তাজদারে আলাম মাদ্রাসা, মেহেদীপাড়া, পি,টি রসুলপুর, ডোমকল, মুর্শিদাবাদ ।

(১৮) মাওলানা নুরুজ জামান রেজবী, নলহাটি,বীরভুম ।

(১৯) মাওলানা রূহূল আমীন রেজবী

শিক্ষক – মেহেদীপাড়া তাজদারে আলাম মাদ্রাসা, মেহেদীপাড়া, পি,টি রসুলপুর, ডোমকল, মুর্শিদাবাদ ।

(২০) হাফিজ গোলাম রসুল রেজবী

শিক্ষক – মাদ্রাসা নুরীয়া জামালিয়া জহূরুল উলুম, বাজারপাড়া, রাধারঘাট, বহরমপুর, মুর্শিদাবাদ ।



pdf By Syed Mostafa Sakib

(২১) হাফিজ আলী জাহির রেজবী
শিক্ষক - মাদ্রাসা শাহ রহমানিয়া ইসলামিয়া, নিমগ্রম বেলুড়ি, নবগ্রাম, মুর্শিদাবাদ ।

(২২) হাফিজ আশিকুর রহমান
শিক্ষক - মাদ্রাসা আজিয়া আলিমিয়া, পুণ্ডিগ্রাম, নবগ্রাম, মুর্শিদাবাদ।

(২৩) মাওলানা গোলাম মুরতজা রেজবী
শিক্ষক - গোধনপাড়া নুরুল হুদা ইসলামিয়া মাদ্রাসা, গোধনপড়া (বাঁশপাড়া), রানীনগর, মুর্শিদাবাদ ।

(২৪) মাওলানা হাসিবুল ইসলাম রেজবী
শিক্ষক - দীনে ইল্মে ইলাহি মাদ্রাসা, ভাদুরীয়াপাড়া, পি,টি রসুলপুর, ডোমকল, মুর্শিদাবাদ ।

(২৫) মাওলানা আইনুল হক রেজবী
শিক্ষক - মাদ্রাসা নুরীয়া ইসলামিয়া হাফিজিয়া,টুলটুলিপাড়া, ভগবানগোলা, মুর্শিদাবাদ ।

(২৬) মাওলানা আব্দুর রউফ রেজবী, নাওদাপাড়া,দৌলতাবাদ, মুর্শিদাবাদ ।

(২৭) মাওলানা বাবর আলি রেজবী
শিক্ষক - মাদ্রাসা হানাফীয়া ফায়যানে আলা





# বিশেষ বিজ্ঞপ্তি

(১) রাবেতাভুক্ত কোন মাদ্রাসা মাসলাকে আ'লা হজরতের খেলাফ কোন মসলা প্রচার করিতে পারিবে না ।

(২) রাজনীতির সঙ্গে আমাদের রাবেতার কোন সম্পর্ক নাই । সুতরাং আমাদের রাবেতাভুক্ত কোন মাদ্রাসা সরাসরি কোন রাজনৈতিক দলের প্রতীক ব্যবহার করিতে পারিবে না ।

(৩) রাবেতাভুক্ত সমস্ত মাদ্রাসা রাবেতার সমস্ত সিদ্ধান্ত মানিয়া নিতে বাধ্য থাকিবে ।

(৪) মাদ্রাসা কর্তৃপক্ষের মধ্যে কোন বিষয়ে মতভেদ সৃষ্টি হইলে যদি কর্তৃপক্ষ রাবেতার নিকটে লিখিত আবেদন করিয়া থাকেন, তাহা হইলে রাবেতা যথা সাধ্য মিমাংসার জন্য আগাইয়া যাইবে ।

(৫) রাবেতার বিরুদ্ধে কোন মাদ্রাসা কোন প্রকার চক্রান্ত করিলে সেই মাদ্রাসাকে রাবেতা থেকে বহিস্কার করা হইবে ।

(৬) রাবেতার সম্পর্কে কোন মাদ্রাসার উপযুক্ত অভিযোগ থাকিলে রাবেতা সে সম্পর্কে অবশ্যই বিবেচনা করিবে ।



pdf By Syed Mostafa Sakib

(৭) রাবেতা সদস্যদের মধ্যে কোন বিষয়ে মতানৈক্য হইলে সভাপতির রায় শেষ সিদ্ধান্ত বলিয়া গন্য হইবে।

(৮) রাবেতাভুক্ত মাদ্রাসাগুলির পরিদর্শনের জন্য একটি টিম থাকিবে। রাবেতা এই টিমকে যে কোন সময়ে যে কোন মাদ্রাসায় প্রেরন করিতে পারিবে।

(৯) রাবেতাভুক্ত মাদ্রাসাগুলি বার্ষিক চাঁদা যথা নিয়মে আদায় দিতে বাধ্য থাকিবে।

(১০) রাবেতাভুক্ত সমস্ত মাদ্রাসাগুলিকে জ্ঞাত করানো যাইতেছে যে, যদি কোন মাদ্রাসা কোন রকম দেশ ও সমাজ বিরোধী কর্মের সঙ্গে যুক্ত হইয়া যায় তাহা হইলে রাবেতা দায়বদ্ধ নয় এবং উক্ত অপকর্ম প্রকাশ পাওয়ার সঙ্গে সঙ্গে রাবেতা হইতে বহিস্কৃত বলিয়া গন্য হইবে। ইহাতে কোন প্রকার ওজর আপত্তি চলিবে না।

(১১) ১৫ ই আগস্ট স্বাধীনতা দিবস ও ২৬ শে জানুয়ারী প্রজাতন্ত্র দিবস শরীয়াত সম্মত ভাবে পালন করিতে হইবে।

(১২) রাবেতা ভুক্ত কোন মাদ্রাসা কোন সময় কাহারো বেআইনী ভাবে সার্টিফিকেট দিতে পারিবে না।





## —ঃ রাবেতার উদেস্টা কমিটি ঃ—

(১) নাওয়াসায়ে সদরুল আফাযিল সইয়েদ নিজামুদ্দীন নাঈমী, খানকায়ে নাঈমীয়া, দুবরাজপুর, ইসলামপুর, বীরভূম।

(২) ডাঃ মুফতী সাকিল আহমাদ আসবী, চেয়ারম্যান আল জামিয়াতুল আসবিয়া এডুকেশনাল চ্যারিটাবল ট্রাস্ট।

(৩) মুফতী মোখতার আহমাদ রেজবী, চেয়ারম্যান রেজা একাডেমি, কলকাতা।

(৪) মুফতী শাহিদুল ক্বাদেরী, চেয়ারম্যান ইমাম আহমাদ রেজা সোসাইটি, কলকাতা।

(৫) মুফতী দিলদার আহমাদ, শিক্ষক মাদ্রাসা জিয়াউল ইসলাম, হাওড়া।

(৬) মুফতী নুর আলম রেজবী, ইমাম কলকাতা নাখোদা (বড়) মসজিদ।

(৭) মুফতী ওফাউল মুস্তফা আমজাদী, চেয়ারম্যান আল সানা ট্রাষ্ট, বিলিয়াস রোড হাওড়া।

(৮) মুফতী মুজাহিদুল ক্বাদেরী, শাইখুল হাদীস জামিয়া গওসিয়া রেজবীয়া, গাড়িঘাট।

(৯) মুফতী মাকবুল আহমাদ ক্বাদেরী, শাইখুল



pdf By Syed Mostafa Sakib

হাদীস মাদ্রাসা জিয়াউল ইসলাম, হাওড়া ।

(১০) মুফতী অব্দুস সালাম রেজবী, মালদা ।

(১১) মুফতী আশরাফ রেজা নাঈমী, রাজমহল ।

(১২) মুফতী আব্দুল লতীফ রেজবী, শিক্ষক জামিয়া রাজ্জাকিয়া কালিমিয়া, সম্মতিনগর, সাইদাপুর, মুর্শিদাবাদ ।

(১৩) মাওলানা তাফাজ্জুল হোসেন, কালিয়াচক, মালদা ।

(১৪) মাওলানা ক্বারী সাইফুদ্দীন রেজবী, শিক্ষক জামিয়া রাজ্জাকিয়া কালিমিয়া, সম্মতিনগর, সাইদাপুর, মুর্শিদাবাদ ।

(১৫) মুফতী রফিকুল আলম নাঈমী, শিক্ষক - দারুল উলুম ইসলামিয়া গফুরিয়া কয়লাডাঙ্গি, বিন্দল, উত্তর দিনাজপুর ।

(১৬) মাওলানা রুহুল আমীন রেজবী শিক্ষক - মেহেদীপাড়া তাজদারে আলাম মাদ্রাসা, মেহেদীপাড়া, পি,টি রসুলপুর, ডোমকল, মুর্শিদাবাদ ।





# মারহুম কারী আব্দুর রাকীব আশরাফী

হজরত মাওলানা কারী আব্দুর রাকীব আশরাফী সাহেব কিবলা আর দুনীয়াতে নাই । ১৭/৮/২০১৬ বুধবার সকাল সাড়ে পাঁচটায় হঠাৎ এই অস্থায়ী দুনিয়াবী ঘরকে ত্যাগ করতঃ আখিরাতের স্থায়ী ঘরের দিকে রওয়ানা হইয়া গিয়াছেন । ইন্না লিল্লাহি অইন্না ইলাইহি রাজিউন ।

মারহুম কারী সাহেব মালদা কালিয়াচক এলাকায় বাহাদুরপুর গ্রামের মানুষ ছিলেন কিন্তু সারা পশ্চিম বাংলায় তাহার যথেষ্ট প্রভাব ছিল । সেই সঙ্গে তিনি কয়েক বৎসর থেকে আসামে যাতা য়াত করিতে ছিলেন । অবশ্য আসামে তাহার প্রথম সফর হইয়া ছিল আমার সঙ্গে ।

কারী সাহেব যেমন একজন সুবক্তা ছিলেন, তেমন ছিলেন একজন শায়েরে ইসলাম । আমার সহিত তাঁহার বক্তব হইয়াছে । তাঁহার সমস্ত বক্তব্যের মধ্যে লক্ষ করতঃ দেখিয়াছি, তিনি ছিলেন মাসলাকে আ'লা হজরতের একজন সাচ্চা প্রচারক । তিনি নির্ভিক ভাবে সুন্নীয়াতের উপরে বক্তব্য রাখিতেন ।

আমার সঙ্গে কারী সাহেব কিবলার সম্পর্ক প্রায় পাঁচিশ বৎসর থেকে । প্রায় দশ বৎসর হইতে চলিয়াছে,



pdf By Syed Mostafa Sakib

আমার ছেলে মেয়েকে কিরাতের মশক করাইবার জন্য আমি কারী সাহেবকে আমার বাড়িতে একমাস থাকিবার প্রস্তাব দিয়া ছিলাম। তিনি পনের দিন থাকিবার জন্য রাজি হইয়া ঠিক আছে বলিয়া ছিলেন, সম্ভব হইলে এক মাস থাকিব। শেষ পর্যন্ত তিনি আমার বাড়িতে বাইশ দিন ছিলেন। এই বাইশ দিন আমিও তাঁহার নিকটে কিরাত মশক করিয়া ছিলাম। এই সময় থেকে আমি তাঁহার আন্তরিক ভাবে উস্তাদের সম্মান দিয়া চলিতাম। আসামের অনেক গুলি প্রোগ্রামে প্রকাশ্য ভাবে সভায় বলিয়াছি যে, কারী সাহেব কিবলা আমার কিরাতের উস্তাদ। তাই বলিয়া তিনি তাঁহার পূর্ব অভ্যাস ত্যাগ করিয়া ছিলেন না। তিনি আমাকে হুজুর বলিয়া সম্বোধন করিতেন এবং আমার হাতে চুম্বন দিতেন।

গত ৭ই মে ছিল 'অল বেঙ্গল রাবেতায় মাদারিসে সুন্নীয়া'র পক্ষ থেকে মুর্শিদাবাদে আটি সেন্টারে সাইত্রিশটি মাদ্রাসার পরিক্ষা নেওয়ার দিন। এই জন্য আমি পরীক্ষক হিসাবে আমার বাড়িতে ২৬ জন আলেমকে আমন্ত্রন করিয়া ছিলাম। এই ছাব্বিশ জন আলেমের মধ্যে মালদা থেকে ছিলেন - কারী সাহেব কিবলা, মুফতী আব্দুস সালাম সাহেব ও মাওলানা বাহাউদ্দীন সাহেব। মুর্শিদাবাদ রঘুনাথগঞ্জ মাদ্রাসা গওসিয়া রেজবীয়ার শায়খুল হাদীস মুফতী মোজাহিদুল





কাদেরী সাহেব কিবলা ও শাইদাপুর মাদ্রাসা জামিয়া কালিমিয়া রাজ্জাকিয়ার কারী সাইফুদ্দীন রেজবী সাহেব কিবলা প্রমুখ। প্রায় রাত দুই ঘটিকা পর্যন্ত আমাদের মধ্যে বিভিন্ন প্রসঙ্গে আলোচনা চলিয়া থাকে। ৭ই মে সকালে কারী সাহেব কিবলাকে তাঁহার দুই সঙ্গীর সহিত কালুপুর সেন্টারে পাঠাইয়া ছিলাম। কারী সাহেব কিবলার সঙ্গে আজই আমার শেষ সাক্ষাত ও মুলাকাত। তাঁহার ইন্তাকালের তিন চার দিন পূর্বে ফোনের মাধ্যমে শেষ বারের মত কথা হইয়া ছিল। তিনি বলিয়া ছিলেন, আমার কন্যাকে বেঙ্গালোরে রাখিয়া অসিতেছি। বাড়িতে পৌঁছিয়া আপনার সহিত কথা বলিব। কিন্তু আর কথা হয় নাই।

হঠাৎ সতেরই আগষ্ট বুধবার সকালে সংবাদ পৌঁছিয়া যায় যে, এই আধঘন্টা হইল কারী সাহেব ইন্তাকাল করিয়াছেন। এই সংবাদ পাইয়া আমাদের বাড়ির সবাই মর্মাহত হইয়া পড়িয়া ছিলাম। সঙ্গে সঙ্গে তাঁহার জানাজায় শরীক হইবার জন্য নিয়াত করিয়া নিলাম। আমার দুই ছেলেকে সঙ্গে নিয়া রওয়ানা দিলাম। উমারপুর থেকে মুফতী মুজাহিদুল কাদেরী সাহেব কিবলাকে তুলিয়া নিয়া যখন শুনিলাম যে, আড়াইটায় জানাজা আরম্ভ হইবে, তখন আশা ছাড়িয়া দিলাম যে, আর জানাজা সম্ভব নয়। তবে কমপক্ষে



pdf By Syed Mostafa Sakib

তাজা কবরে মাটি দিয়া আসিতে পারিব। যখন ধুলিয়ান পৌঁছিয়াছি তখন সংবাস আসিয়াছে যে, জানাজার জন্য প্রস্তুত হইতেছে। আমি বলিয়া দিলাম যে, অপেক্ষা করিতে হইবে না, জানাজা পড়িয়া নিতে হইবে। ফারাক্কার কাছে যখন পৌঁছিয়াছি তখন সংবাদ আসিতেছে যে, জানাজার লাইন হইয়া গিয়াছে। এই সময়ে মন থেকে মুছিয়া দিয়া ছিলাম যে, আর জানাজা পাওয়া কোন প্রকার সম্ভব নয়। কারণ, ফারাক্কা থেকে কালিয়াচকের জ্যাম প্রায় সারা বৎসর লাগিয়া থাকে। ফারাক্কা ব্রিরিজের উপর যখন তখন ফোন আসিল যে, জানাজার সব কিছু প্রস্তুত কিন্তু আপনি আসুন। তখন ভয় ও ভরসা দুইয়ের মধ্যে আমার ছেলে যথা সম্ভব গাড়ির গতি বাড়াইয়া ড্রাইভ করিতে আরম্ভ করিয়াছে। আহ! কারী সাহেব কিবলার রূহানীয়াত ও কালিয়াচকের উলামায়ে কিরামদিগের মুহাব্বাতকে আল্লাহ তায়ালা কবুল করতঃ কালিয়াচক পর্যন্ত রাস্তা ক্লিয়ার করিয়া দিয়া ছিলেন। কোন জায়গায় এক মিনিট থামিবার প্রয়োজন হইয়া ছিল না।

জানাজা স্থলে পৌঁছিয়া দেখিলাম যে, কালিয়াচক বাসীরা একজন আলেমে দ্বীনকে যে ভাবে বিদায় দেওয়ার ছিল ঠিক সেই ভাবে বিদায় দেওয়ার জন্য পুর্ন প্রস্তুতি নিয়া শান্তি পুর্ন ভাবে একের পর এক





আলেমদিগের আওয়াজ শ্রবন করিতেছেন। কয়েক হাজাহ মানুষের সমাসগম। ইহাদের মধ্যে ছিলেন শত শত আলেম ও তালিবুল ইল্মগন। এই বিশাল জনতা আমার মত একজন অযোগ্যের জন্য যে প্রায় পঁয়তাল্লিশ মিনিটের মত অপেক্ষা করিয়া ছিলেন, তাই তাহাদের সবার কাছে চির কৃতজ্ঞ। বিশেষ করিয়া আমার পরম শ্রদ্ধেয় মোতারম মুফতী লোকমান আশরাফী সাহেব কিবলার কাছে আমি মরন পর্যন্ত কৃতজ্ঞ রহিলাম। কারণ, কারী সাহেব কিবলার জানাজা খুবই সম্ভব তিনিই পড়াইতেন। হজরত আমাকে জানাজা পড়াইবার জন্য বলিয়াছেন, আমি কিন্তু জোর দিয়া তাঁহাকে জানাজা পড়াইবার কথা বলিনাই। এই জন্য আমি তাঁহার কাছে আন্তরিক ভাবে ক্ষমা প্রার্থী। আমি দোয়া করিতেছি, আল্লাহ! আমার মুফতী সাহেব কিবলাকে দীর্ঘায়ূ করতঃ দৈহিক দিক দিয়া সুস্থ স্ববল রাখিয়া দ্বীনের খিদমাত করিয়া যাইবার তাওফীক দান করো। ইয়া আল্লাহ! জানাজায় যত আলেম ও তালিবুল ইল্ম শরীক ছিলেন তাহদের সবাইকে ইল্মে নাফে ও ফাহমে কামেল দান করতঃ দ্বীনের খিদমাত করিবার তাওফীক দান করো। আল্লাহ! বাকী জানাজায় সমেবেত সমস্ত মানুষকে সুন্নীয়াতের উপরে অটল থাকিবার তাওফীক দান করো।



pdf By Syed Mostafa Sakib

মহা কোশলী রব্বুল আ'লামিন আল্লাহ, মৃত্যুকে এমন একটি বিধান করিয়া দিয়াছেন যে, হাজার হাজার মানুষ আল্লাহ তায়ালার জাত বা সত্ত্বায় বিশ্বাসী নয় কিন্তু মরনে বিশ্বাসী। আজ পর্যন্ত পৃথিবীর কেহ মৃত্যুকে অস্বীকার করিতে পারে নাই। সুতরাং আমরা সবাই এই বিধানের আওতায় বাঁধা রহিয়াছি। কেবল কেহ আগে কেহ পরে। আল্লাহ তায়ালা যখন আমাদের আগে কারী সাহেব কিবলাকে কবুল করিয়া নিয়াছেন তখন তাঁহার জন্য দরবারে ইলাহীতে মাগফিরাতের জন্য দোয়া করা ছাড়া আমাদের আর কিছুই করিবার নাই। ইয়া আলাহ! তোমার সাত্তার নামের কারনে কারী সাহেব কিবলার জীবনের ভুল ভ্রান্তিকে ঢাকিয়া নাও এবং তোমার গাফ্ফার নামের বদৌলতে জীবনের ত্রুটি বিচ্চুতি ক্ষমা করিয়া দাও। আমিন, ইয়া রব্বাল আ'লামীন বেজাহে সাইয়েদিল মুরসালীন মোহাম্মাদিন আলাইহিস সলাতু অত্তাসলিম!

গোলাম ছামদানী রেজবী

২০/৪/১৬



pdf By Syed Mostafa Sakib

786
92

ALL BENGAL

# RABITAE MADARISE SUNNIYA



pdf By Syed Mostafa Sakib

**HEAD OFFICE**

ISLAMPUR COLLEGE ROAD

MURSHIDABAD, WESTBENGAL, INDIA

PIN - 742304

MOBILE : 9143460379